দৈনিক জনকণ্ঠ

তারিখ 18 APR 1998

পৃষ্ঠা ৪ কলাম ৩

### উন্নয়ন প্রকল্প অগ্রগতি পর্যালোচনা বৈঠক

# বারোটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্পের কাজ আজও শুরু হয়নি

জনকণ্ঠ রিপোর্ট

শুরু না হতেই থেমে গেছে ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্পের কাজ। শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা সভায় এ অব্যবস্থায় চরম অসন্তোষ প্রকাশ করা হয়েছে। স্থান নির্বাচন চূড়ান্ত না হওয়ার অজুহাতে কোন বিশ্ববিদ্যালয় স্থাপনের কাজ আজও শুরু করা সম্ভব হয়নি। অথচ খোদ প্রধানমন্ত্রী '৯৭ সালের জুলাই মাসে রংপুর কারমাইকেল কলেজ প্রাঙ্গণে একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের নির্দেশ দেন।

জানা যায়, বর্তমান প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রী ক্ষমতায় আসার পরপরই বিশ্ববিদ্যালয় নেই এমন ১২টি জেলায় ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের ঘোষণা দেন। প্রথম পর্যায়ে ছ'টি বিশ্ববিদ্যালয় স্থাপনের কথা। কিন্তু এ প্রকল্প বাস্তবায়নের শুরুতে অনাকাঙ্ক্ষিত বিলম্বে সরকারের শীর্ষ পর্যায়ে চরম ক্ষোভের সৃষ্টি হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা সভায় সম্প্রতি সভার সভাপতি ডঃ মহীউদ্দিন খান আলমগীর অসন্তোষ প্রকাশ করেন। এ প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের প্রতিনিধি জানান যে, প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়সমূহের স্থান নির্বাচন চূড়ান্ত না হওয়ায় কাজ শুরু করা সম্ভব হচ্ছে না। এ জবাবে সন্তুষ্ট না হয়ে সভার সভাপতি বলেন, রংপুর কারমাইকেল কলেজের প্রায় ছয় শ' বিঘা অব্যবহৃত জমিতে প্রথম বিশ্ববিদ্যালয় স্থাপনের কাজ শুরু করা যেত। প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে '৯৭ সালের জুলাই মাসে বিষয়টি শিক্ষা মন্ত্রণালয়কে অবহিত করা হয়। সভায় শিক্ষা মন্ত্রণালয় থেকে নির্বাহী আদেশ জারি করে যথাশীঘ্র রংপুরে প্রথম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের কাজ শুরু করতে বলা হয়।

সূত্র জানায়, সভা থেকে কুমিল্লা জেলার লালমাইয়ে আরেকটি বিশ্ববিদ্যালয় স্থাপনের কথা বলা হয়। এখানে জমি পাওয়া সহজ হবে বলে সভাকে জানানো হয়। এছাড়া পার্বত্য জেলা খাগড়াছড়ি বা রাঙ্গামাটিতে দু'টি বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য শিক্ষা মন্ত্রণালয়কে সুপারিশ করা হয়।